গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০৪.০২.০২৪.১৭.১০৬৩ তারিখ: ২ কার্তিক ১৪২৮

১৮ অক্টোবর ২০২১

বিষয়: **কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলাধীন নাইঘর ইসলামিয়া দাখিল মাদ্রাসায় নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।**

সূত্র: (১) সুপার,নাইঘর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা এর আবেদন।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪(মাদ্রাসা-২) এর স্মারক নং-শিম/শাখা-২৪/বিবিধ-২-৮/২০০৮(অংশ)/২৭৪,তারিখ:০৯.০৯.২০১৫খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,সূত্রোস্থ (১) নং স্মারকে উল্লিখিত মাদ্রাসার সুপার এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোস্থ (২)নং স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে বিষয়োক্ত মাদ্রাসায় নিম্নেবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে ছকে বর্ণিত কর্মকর্তাকে উক্ত মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি হিসেবে নিম্নলিখিত শর্তে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হলো-

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | নিয়োগের বিষয়/পদ | ডিজি মহোদয়ের প্রতিনিধি |
|---|---|---|---|
| ০১. | নাইঘর ইসলামিয়া দাখিল মাদ্রাসা<br>উপজেলা: ব্রাহ্মণপাড়া, জেলা: কুমিল্লা<br>মোবাইল নং-০১৭২৭২৮৭৪১০ | ০১।নিরাপত্তা কর্মী-০১টি (নবসৃষ্ট পদ)<br>০২।আয়া-০১টি (নবসৃষ্ট পদ) | জনাব মোহাম্মদ শামসুজ্জামান<br>উপ-পরিচালক (অর্থ)<br>মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা<br>মোবাইলঃ ০১৭১১-০৫৬৮৭৬ |

শর্তাবলী:০১. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখ:১১.১১.২০১৫ খ্রি:এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখ:৩০.১২.২০১৫খ্রি:এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০২. কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটানো যাবেনা।

০৩. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮খ্রি: (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামো /পরিপত্রের অনুচ্ছেদ ৬.১ (ক), (খ) (গ), ও (ঘ)এবং প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ মোতাবেক প্যাটার্নভুক্ত শূন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করবেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি, সর্বশেষ এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮খ্রি: (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকায় অনুমোদিত পদের অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসেবে অংশ গ্রহণ করা যাবে না।

০৪. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮খ্রি: (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামো/পরিপত্রের অনুচ্ছেদ:১১ (১)এবং পরিশিষ্ট ঘ"মোতাবেক চাকুরীতে প্রবেশের বয়স সীমা, কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসেবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।

০৫. মহিলা কোটা পূরণের ক্ষেত্রে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮খ্রি: (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামোর অনুচ্ছেদ:৯ (নয়)এর খ"এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে) পুঙ্খানুপুঙ্খরূপে অনুসরণ করতে হবে।

০৬. প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্ণিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।

০৭. শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধি হিসেবে তাঁর নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর করতে হবে।

০৮. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮খ্রি: (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামো সংক্রান্ত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং নিয়োগ যোগ্য পদ ও কমিটি নিয়ে মামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।

০৯. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পুঙ্খানুপুঙ্খরূপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদ্রাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃ৪/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০%বেতন-ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে”শর্তটি ডিজি'র প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদ্রাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।

১১. **সংশ্লিষ্ট মাদ্রাসায় নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে**। নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে তিনি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন।

১২. ডি.জি মহোদয় প্রয়োজনীয় ক্ষেত্রে প্রতিনিধি মনোনয়ন পরিবর্তনের ক্ষমতা সংরক্ষন করেন। উল্লেখ্য, মাদ্রাসার পরিচালনা কমিটি,অধিভূক্তি,স্বীকৃতি এবং পত্রিকার মেয়াদ উত্তীর্ণের কারণে অথবা অন্য যে কোন কারণে নিয়োগ বোর্ড বাতিল হলে পুনরায় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানপূর্বক পরিচালনা কমিটি,অধিভূক্তি,স্বীকৃতির কপি এবং প্রয়োজনীয় অন্যান্য সকল কাগজ-পত্রসহ মহাপরিচালক ,মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর পুণরায় আবেদন করতে হবে।

সংযুক্তি: ০১ ফর্দ

১৮-১০-২০২১
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০৪.০২.০২৪.১৭.১০৬৩/১(৮)

তারিখ: ২ কার্তিক ১৪২৮
১৮ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক, কুমিল্লা
২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৩) উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা
৪) উপপরিচালক (প্রশাসন) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫) জেলা শিক্ষা কর্মকর্তা, কুমিল্লা
৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা
৭) সভাপতি/সুপার,নাইঘর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা
৮) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী , মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১৮-১০-২০২১
জান্নাতুন নাহার
সহকারী পরিচালক